# ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ১৮/১২/২০২২, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ "বজ্রকন্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিশিষ্ট "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকন্ঠ'' উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ববর্তী মাসের কার্যবিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

## উপজেলা প্রকৌশলীর কার্যালয়, টুঙ্গিপাড়া

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, পাটগাতী মধুমতি নদীর বঙ্গবন্ধু মেমোরিয়াল বোট ল্যান্ডিং র‍্যাম্প নির্মাণ ও বাঘিয়া নদতে (ফুট গোডাউনের নিকট) বোট ল্যান্ডিং র‍্যাম্প নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। যার একটি পাটগাতী ইউনিয়ন এবং অপরটি টুঙ্গিপাড়া পৌরসভার অভ্যন্তরে অবস্থিত। বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থাপনা দুইটি হস্তান্তর করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, টুঙ্গিপাড়া উপজেলাধীন কুশলী হাট জিসি-ধারাবাশাইল জিসি ভায়া মিত্রডাঙ্গা সোনাখালী সড়কে ১৬২০৫ মিঃ চেইনেজে ১৫.০০মিঃ আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ কাজ স্থানীয় জনসাধারণ তাদের জায়গা ক্ষতিগ্রস্থ হবে মর্মে কাজে বাধা প্রদান করছে। উক্ত স্থানে ব্রীজটি নির্মাণ কাজর স্বার্থে বিষয়টি সমাধান করা প্রয়োজন। এলজিইডি'র আওতায় উপজেলায় দেশে খাদ্য ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের আলোকে এলজিইডি সারাদেশে ক্ষুদ্রকার পানি সম্পদ ব্যবস্থাপনা এর আওতায় প্রতি ইউনিয়ন হতে কমপক্ষে ০২টি নতুন উপ-প্রকল্প চিহ্নিত করে তার তালিকা জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। তন্মধ্যে ডুমুরিয়া ইউনিয়ন হতে ০২ (দুই)টি নতুন উপ-প্রকল্প প্রস্তাব ও বর্নি ইউনিয়ন হতে একটি উপ-প্রকল্প প্রস্তাব পাওয়া যায় নি। ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র প্রাক্কলন প্রস্তুতের কাজ প্রায় শেষের দিকে। আগামী সপ্তাহের মধ্যে দরপত্র আহবান করা সম্ভব হবে। সভায় উপজেলা পরিষদের যে সকল স্থান অরক্ষিত আছে। উক্ত স্থানে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা জরুরী। উপজেলা পরিষদের বঙ্গবন্ধু মুর‍্যাল এর ডিজাইন হয়েছে কিন্তু নির্মাণের স্থান নির্ধারণ করা হয় নাই। উক্ত বিষয়ে মতামত প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে নতুন ভাবে ০২ টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প এসেছে। প্রকল্প গুলো (১) গিমাডাঙ্গা পূর্বপাড়া মেইন রাস্তা হতে মামুন বিশ্বাসের বাড়ীর পর্যন্ত রাস্তা নির্মাণ। (২) গওহরডাঙ্গা মাদ্রাসায় বার্ষিক মাহফিল উপলক্ষ্যে অস্থায়ী ল্যাট্রিন নির্মান- ১,৫০,০০০/= টাকা। প্রকল্পগুলো অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ ভবনের সেফটি ট্যাংকি ও পিকগুলো বর্জ্য অবর্জনায় ভরে গেছে। পিক ও সেফটি ট্যাংকি গুলো পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্তঃ (১) উপজেলা পরিষদের শহীদ মিনারের দক্ষিন পাশে টুঙ্গিপাড়া লেখার পিছনে ফাঁকা জায়গায় বঙ্গবন্ধু মুর‍্যাল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সভায় উত্থাপিত অন্যান্য প্রস্তাবগুলো সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া<br>২। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া<br>৩। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া। |

CamScanner

## উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পরিচানল ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে ০৩টি প্রকল্প গ্রহণ করা হয়েছিল। যার ১টি প্রকল্পের কাজ সম্পন্ন করাসহ বিল প্রদান করা হয়েছে। বাকী ০২টি প্রকল্প ১) টুঙ্গিপাড়া উপজেলা কৃষকদের মাঝে ১০টি পাওয়ার টিলার সরবরাহ কাজ, যাহার প্যাকেজ নং- INF4- 2019-20-303591-02, যার চুক্তিমূল্য ছিল- ১৬,৪৯,০০০/=( ষোল লক্ষ উপপঞ্চাশ হাজার) টাকা মাত্র (২) টুঙ্গিপাড়া উপজেলায় ০২টি রাস্তায় ও জনগুরুত্বপুর্ণ স্থানে সোল্যার/স্ট্রীট লাইট সরবরাহ (৩০টি) যাহার প্যাকেজ নং- INF4- 2019-20-303591-03, যার চুক্তিমূল্য ছিল- ৮,৮২,০০০/=( আট লক্ষ বিরাশি হাজার) টাকা মাত্র। প্রকল্প ০২টি সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায় প্রয়োজনীয় কাগজপত্র প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্তঃ প্রস্তাবটি সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পর্যায়ে কাবিটা/কাবিখা (১ম পর্যায়) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ২৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে (টি, আর) (১ম পর্যায়) বরাদ্দের বিপরীতে ২৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। নির্বাচনী এলাকা ভিত্তিক (টিআর ও কাবিখা/কাবিটা) (১ম পর্যায়ে) মোট ৫৭টি প্রকল্প অনুমোদন হয়েছে। কাজ চলমান রয়েছে। বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজের ৪টি প্রকল্পের মধ্যে ১টি কাজ সম্পন্ন হয়েছে। বাকী ৩টি কাজ চলমান রয়েছে। অতি দরিদ্রদের জন্য কমংসংস্থান কর্মসূচী (১ম পর্যায়ে) ১৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত কাজের মোট ৩৩৩ জন উপকার ভোগী রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্তঃ আগামী ১৫ই জানুয়ারী/২০২৩ তারিখের মধ্যে চলমান সকল কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পওর উপ-বিভাগ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপ-বিভাগীয় প্রকৌশলী, টুঙ্গিপাড়া পওর উপ-বিভাগ জানান যে, ৬৪ জেলার অভ্যন্তরেস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম) পর্যায়ে মোট ১৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ২টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। ১টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। বাকী ১৩টি প্রকল্পের কাজ শীঘ্রই শুরু হবে। | সিদ্ধান্তঃ কুশলী ইউনিয়নের স্থানীয় জনগণের সাথে আলোচনা খাল খননের জন্য অনুরোধ জানান। প্রয়োজনে ডিজাইন পরিবর্তন করে ছোট খাল ছোট করে এবং বড় খাল বড় করে কাজ বাস্তবায়নের অনুরোধ জানান। | উপ-বিভাগীয় প্রকৌশলী, টুঙ্গিপাড়া পওর উপ-বিভাগ |

## সহকারী প্রকৌশলী (বিএডিসি) এর কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় সহকারী প্রকৌশলী (বিএডিসি), টুঙ্গিপাড়া জানান যে, ২০২২-২৩ সেচ মৌসুমে ৭(সাত) টি এলএলপি স্কীম চালু হয়েছে এবং চালুকৃত সেচযন্ত্রের ভাড়া আদায় প্রক্রিয়া চলমান রয়েছে । চলতি সেচ মৌসুমে অগভীর নলকূপ স্থাপনের জন্য লাইসেন্স প্রদান কার্যক্রমের যাচাই বাছাইয়ের কাজ চলমান রয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্তঃ ইরিগেশনের জন্য সেচ প্রদানের কাজ আরও বৃদ্ধি করার জন্য অনুরোধ জনানা। | সহকারী প্রকৌশলী (বিএডিসি), টুঙ্গিপাড়া |

## উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মোট ১২টি প্রকল্পের কাজ রয়েছে। এর মধ্যে সরফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট প্রকল্পের ০৪টি কাজ চলমান রয়েছে। আর্সেনিক আয়রন রিমুভাল ইউনিট প্রকল্পের ১০০টি কাজ চলমান রয়েছে। গভীর নলকুপ স্থাপন প্রকল্পের ১৩০টি কাজ চলমান রয়েছে। ওয়াশ ব্লক ২৭টি কাজ চলমান রয়েছে। অন্যান্য বাকী ০৮টি প্রকল্পের কাজ টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ তালিকা প্রস্তুত করে দ্রুত কাজ বাস্তবায়নের অনুরোধ জানান। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া |

CamScanner

## উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ডাক্তার স্বল্পতার বিষয়ে কোন সমাধান হয়নি। এছাড়া নিয়মিত স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ সমন্বয় করে কাজ চালিয়ে নেওয়ার অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, মহান বিজয় দিবস-২০২২ এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়েছে। ২০২২ সালের এইচএসসি/ আলিম পরীক্ষা নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে সুসম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---০--- | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া। |

## উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, সরকারি ভাবে গবাদিপশুকে ৩৭৫৬ টি ও হাঁস-মুরগি কে ৪৫৬০০ টি টিকা প্রদান করা হয়েছে। সেই সাথে ২০৬৭ টি গবাদিপশু কে ও ২৯১০৩ টি হাঁস-মুরগি কে এবং ৯ টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। রোগ অনুসন্ধানের জন্য এ মাসে ৫ টি নমুনা সংগ্রহ করা হয়েছে এবং তা গবেষণাগারে প্রেরণ করা হয়েছে। নভেম্বর মাসে ৫ টি উঠান বৈঠকের আয়োজন ও ৩০ জন খামারি কে প্রশিক্ষণ প্রদান করা হয়। নভেম্বর মাসে ৩৬৫ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং বাছুর জন্মগ্রহন করেছে ১৪১ টি। উপজেলায় মোট ঘাস চাষ করা হয়েছে ১ একর। এছাড়া দপ্তরের অন্যন্যা কর্যক্রম সুষ্ঠ স্বাভাবিক ভাবে চলছে। সভায় তিনি আরও জানান যে, গবাদিপশু ও হাঁস-মুরগি পালন একটি লাভজনক পেশা হওয়ায় প্রতি দিন নতুন নতুন লোক এই পেশায় যুক্ত হচ্ছে যারা প্রায় সবাই এই পেশা সম্পর্কে অনভিজ্ঞ। এই নতুন লোকদের প্রশিক্ষণ এর মাধ্যমে অভিজ্ঞ ও সফল খামারি হিসাবে তৈরি করতে দরকার বেশি বেশি প্রশিক্ষণ। কিন্তু প্রশিক্ষণ দিবার জন্য আমাদের প্রশিক্ষণ কক্ষ না থাকায় তা আর সম্ভব হচ্ছে না। তাই অন অতি বিলম্বে আমাদের একটি প্রশিক্ষণ কক্ষ প্রয়োজন। তাছাড়া আমাদের দপ্তরে ১১ টি পদের মধ্যে ৫ টি পদ ই শূন্য। ৪ টি উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)সহ ভেটেরিনারি হাসপাতালের সব থেকে গুরুত্বপূর্ণ পদ হলো ভেটেরিনারি সার্জন যা দীর্ঘ দিন ধরে শূন্য রয়েছে। | সিদ্ধান্তঃ খামারীদের প্রশিক্ষণ দেওয়ার পর প্রশিক্ষণ বিষয়ক কার্যক্রম তদারকি ও ফলোয়াপ নেওয়ার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা পঃ পঃ কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, গর্ভবতী মায়ের সেবা- ১১৩ জন। শিশু সেবা- ৮৬৯ জন। কিশোর-কিশোরী সেবা - ১২২৯ জন। সাধারণ রোগী সেবা ৩০৬৫ জন। স্বাভাবিক প্রসব সেবা- ৪৬ জন। সিএআর- ৭৭.২১%। সভায় তিনি আরও জানান যে, প্রতিবছরের ন্যায় এই বছরেও ১৭-২২ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ সারা দেশ ব্যাপী পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইসি অপারেশনাল প্লানের আওতায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২২ আয়োজন করা হয়েছে। টুঙ্গিপাড়া উপজেলায়ও স্বাস্থ্য বিধি মেনে যথাযথভাবে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হচ্ছে। উপজেলায় গোপালপুর, ডুমরিয়া ও বর্নি ইউনিয়নে একজন করে FWV মোট ০৩ (তিন) ইউনিয়নে ০৩ (তিন) জন FWV পদায়ন একান্ত প্রয়োজন। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। | ---০--- | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CS CamScanner

## উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে G2P এর মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি মোট ১৭,১৩০ জনের ১ম কিস্তি অর্থ প্রেরণ সম্পন্ন এবং চলতি অর্থ বছরের দ্বিতীয় কিস্তির সকল ভাতা নির্ভুল ও সঠিক সময়ে প্রেরণ করা হয়েছে। অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা ও শিক্ষা উপবৃত্তি ভাতা ১৪৪ জনের ১ম কিস্তি অর্থ প্রেরণ সম্পন্ন এবং চলতি বছরের ২য় কিস্তির সকল ভাতা নির্ভুল ও সঠিক সময়ে প্রেরণ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---০--- | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলায় নীট ফসলী জমি ১০০৭৬ হেক্টর, ফসলের নিবিড়তা ১৮৫%, উচু জমি ৫৩৭ হেক্টর, মাঝারী উচু জমি ২৯০০ হেক্টর, মোট ধানের আবাদ ৮৫৪৪ হেক্টর, কৃষক সংখ্যা ১৭৬১৮ জন, সবজির জমি ৪০৩ হেক্টর, পাটের জমি ১২০৯ হেক্টর, খাদ্যের চাহিদা ২৪৮৫৫ মে.টন, উৎপাদন ৩৯৪৫৫ মে.টন, খাদ্য উদ্বৃত্ত ১৪৬০০ মে.টন, প্রনোদনা কর্মসূচির আওতায় ২১৪৫ জন কৃষকের মাঝে বিনামূল্যে গম, সরিষা, পেঁয়াজ, ভূট্টা, সূর্যমুখী, চিনাবাদাম, মুগ, মসুর ও খেসারী ফসলের বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড বীজ ক্ষুদ্র ও প্রান্তিক ৫৫০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা এবং উফশী জাতের ৩০০০ জন চাষীদের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। পারিবারিক পুষ্টি চাহিদা মেটানোর জন্য ৭৯ পরিবারের মাঝে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সমলয় চাষাবাদের জন্য ১০০ বিঘা জমিতে কুশলী ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামে ইত্যোমধ্যে ট্রেতে বীজতলা তৈরী করা হয়েছে। এখানে একই সময়ে মেশিনে ধান রোপণ ও কর্তন করে যান্ত্রিকীকরনে কৃষকদের উৎসাহিত করানো হবে। এছাড়া অন্যান্য কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান আছে। | সিদ্ধান্তঃ পারিবারিক পুষ্টি বাগান তৈরীতে প্রশিক্ষণ পরবর্তী কার্যক্রম তদারকি ও ফলোয়াপ নেওয়ার অনুরোধ জানান। | উপজেলা কৃষি অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

## সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে মৎস্য আইন বাস্তবায়নের জন্য ০২টি সাধারণ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে বিভিন্ন নদী, খাল ও বিল হতে ২০টি চায়না জাল জব্দ করে উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে পুড়িয়ে দেয়া হয়। ১ নভেম্বর/২২ হতে ৩০ জুন/২০২৩ খ্রিঃ পর্যন্ত জাটকা সংরক্ষণ এর অংশ হিসেবে নিয়মিত নদী ও হাট বাজার পরিদর্শন ও জেলে পল্লীতে জাটকা ধরা, পরিবহণ ও বিক্রয় না করার জন্য মৎস্যজীবীদের পরামর্শ প্রদান করা হয়। ০৫টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সহযোগিতায় তাদের প্রদত্ত জেলেদের তালিকা হতে যাচাই বাছাইপূর্বক বাদ পড়া ও নতুন জেলে নিবন্ধনের কার্যক্রম এর তালিকা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। মৎস্যখাদ্য বিক্রেতাদের হাল নাগাদ লাইসেন্স নবায়ন ও যারা লাইসেন্স | সিদ্ধান্তঃ মৎস্য আইন বাস্তবায়নের জন্য মৎস্য শিকারের অবৈধ উপক্রন ব্যবহার বন্ধে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানগণকে চৌকিদার ও দফাদারদের এ কাজে নিয়োজিত করার অনুরোধ জানান। | (১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া<br>(২) সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান, কুশলী/বর্নি/ গোপালপুর/ পাটগাতী/ ডুমরিয়া ইউনিয়ন, টুঙ্গিপাড়া। |

CamScanner

| | | |
|---|---|---|
| করেন নাই তাদের নতুন লাইসেন্স করার জন্য নিয়মিত তাগাদা দেয়া হচ্ছে। এছাড়া সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর ক্লাস্টার এর চিংড়ি উৎপাদন বৃদ্ধির কার্যক্রমের অংশ হিবেবে ক্লাস্টারে অন্তর্ভুক্ত চাষিদের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়য়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প এর আওতায় বর্ণি বাওড়ের কুশলীর অংশের অভয়াশ্রম, বন্যাবাড়ি অভয়াশ্রম, শান্তখালী খাল সংলগ্ন অভয়াশ্রম এবং গিমাডাঙ্গার সিংগাইর নদীতে ২২৬৪ কেজি কার্প জাতীয় ও দেশীয় প্রজাতির পোনা মাছ অবমুক্ত করার পর সংশ্লিষ্ট প্রকল্পের মাঠ সহায়ক কর্মী ও ইউনিয়নে নিয়োজিত (স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী)লিফদের মাধ্যমে নিয়মিত তদারকির করা হচ্ছে। এনএটিপি-২ প্রকল্পের নির্ধারিত সি.আই.জি চাষিদের উন্নত প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। | | |

## উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ৩য় প্রান্তিক মূল্যায়ন (পরীক্ষা) ০৮/১২/২০২২ থেকে ১৯/১২/২০২২ তারিখ পর্যন্ত চলমান আছে। ৩০/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হতে যাওয়া প্রাথমিক বৃত্তি-২০২২ পরীক্ষায় যাবতীয় কার্যক্রম চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---০--- | উপজেলা শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া। |

## উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় ০৮জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলাদের মাঝে স্ব স্ব প্রকল্পের অনুকূলে যুব ঋণ ৫৪০০০০/= টাকার যুব ঋণ প্রদান করা হয়েছে। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের আওতায় ১৮-৩৫ বছর বয়সী যুব ও যুব মহিলাদের মাঝে ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৩০ জন করে ৮ ব্যাচে মোট ২৪০জন প্রশিক্ষণ দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পরিবার ভিত্তিক কর্মসূচীর আওতায় গ্রুফ ও কেন্দ্র গঠনের মাধ্যমে ৪০ জন বেনিফিসিয়ারীদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ ৪,৮০,০০০/= (চার লক্ষ আশি হাজার টাকা) মাত্র বিতরণ কার্য প্রক্রিয়াধীন এছাড়া দপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ঋণ আদায় কর্মসূচী অব্যাহত রাখার পাশাপাশি নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য অনুরোধ জানান। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কর্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলায় ২০২১-২০২২ভিডব্লউবি চক্রে কার্ড সংখ্যা সর্বমোট ২০৯৫টি। নভেম্বর ২০২২ মাসে ২০৯৩ উপকারভাগীর মাঝে ৩০ কেজি হারে চাল বিতরণ কার্যক্রম ইউ,পি চেয়ারম্যানদের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। মাতৃত্বকালী ভাতা ২০২২-২০২৩ অর্থ বছরে ৩৮৫ জন উপকারভোগী আছে মাসিক ৮০০/= টাকা হারে তিন মাস পরপর এম,আই,এস এর মাধ্যমে ভাতা বিতরণ কাজ চলমান রয়েছে। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল ২০২২-২৩ অর্থ বছরে টুঙ্গিপাড়া উপজেলায় ৪৫০ জন ভাতা ভোগী আছেন, জুন/২০২২ পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। আইজিএ প্রকল্প ৩ নভেম্বর, ২০২২ মাসে ১৭ তম ব্যাচ এর প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। ১৮তম ব্যচের ভর্তি কার্যক্রম প্রক্রিয়াধীন। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে নভেম্বর,২০২২ মাসে ০১টি আবেদন পাওয়া গেছে এবং যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বাল্য বিবাহ নিরোধ সামাজিক আন্দোলনের অংশ হিসাবে মহিলা বিষয়ক অধিদপ্তর, টঙ্গিপাড়ায় নভেম্বর, ২০২২ মাসে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক, যৌন হয়রানী, ইভটিজিং ও সচেতনতা বিষয়ক ২টি উঠান বৈঠক | ---০--- | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CS CamScanner

| | | |
|---|---|---|
| করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে ৫টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় মোট ৬টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। উক্ত ক্লাব সমূহ প্রতিটিতে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরের সমন্বয় পরিচালিত হচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ২৩০ জনের মাঝে বিতরণকৃত মূলধন- ২২৮৫৫৩০ টাকা বিতরণ করা হয়েছে। এবং আদায় হয়েছে- ১৭৯৭৪০৩ টাকা। এই উপজেলায় মোট ১৭টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতি আছে। এর মধ্যে ১৩টি সংস্থা সক্রিয় বাকী ৪টি নিস্ক্রিয়। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে সাধারণ অনুদান প্রাপ্তির জন্য ৮টি আবেদন পাওয়া গেছে। আবেদনগুলো জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, জয়িতাদের খুজে আনার জন্য আবেদন ফরম বিতরণ ও ৫টি ইউনিয়ন ও পৌরসভায় বহুল প্রচার করা হয়েছে। “জয়িতা” একজন সফল নারীর প্রতিচ্ছবি। এ কর্মসূচীর লক্ষ্য হল সমাজের সর্বস্তরের নারী মধ্যে আস্থা ও অনুপ্রেরণা সৃষ্টি যাতে তারাও শত বাধা পেরিয়ে সফল নারী হিসেবে আত্মপ্রকাশ ঘটাতে সক্ষম হন। | | |

## উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসে মোট ৩০.৫৯ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। বকেয়াসহ মোট আদায় ১৩.০৮ লক্ষ টাকা। বর্তমানে কোন প্রশিক্ষণ কার্যক্রম চলমান নেই। এছাড়া দপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ঋণ আদায় প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানান। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সবায় উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা সমবায় বিভাগের চলমান কার্যক্রমের ভিতরে সমবায় সমিতি নিবন্ধন সহ অডিট কার্যক্রম যথা নিয়মে লক্ষমাত্রা অনুযায়ী চলছে। এছাড়া বর্তমান সময়ে সারাদেশে বিশেষ করে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বিভিন্ন নামে বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ সহ লোন কার্যক্রম পরিচালনা করছে। তাই বিশেষ করে টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরনের অনুমোদন বিহীন কোন সমিতি অত্র বিভাগের নজর এড়িয়ে কার্যক্রম করলে তাহা উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ করা হলো। সভায় তিনি আরও জানান স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর আওতায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ঘূর্নায়মান তহবিল হিসাবে ০৩(তিনি) বছর মেয়াদী =১,৩৭,৫০,০০০/=(এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমান = ৪৬৮১৪০০/=টাকা। সভায় তিনি আরও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীন উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর আওতায় নিবন্ধিত ০২(দুই)টি সমিতিতে ৬৮ জন সদস্যদেরকে ১১,১০,০০০/= টাকা ঋণ দাদন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত = ৪৩৩৭০৬/= টাকা আদায় করা হয়েছে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ইতো মধ্যে উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর | ---০--- | উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CS CamScanner

| | | |
|---|---|---|
| অধীন নিবন্ধিত ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মাঝে ২,৪০,০০,০০০/=(দুই কোটি চল্লশি লক্ষ) টাকা এবং আবর্তক হিসাবে ঋণ ৩৫,০০,০০০/=(পয়ত্রিশ লক্ষ) টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছে। র্বতমান মাস র্পযন্ত আদায় ১২৩৯৭৪০০/=টাকা। এ প্রকল্পটি চলমান।ঋন আদায়ের হার ৭৫% স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন বাংলাদশে পল্লী উন্নয়ন একাডমেী(র্বাড) র্কতৃক বাস্তবায়নাধীন র্সাবকি গ্রাম উন্নয়ন প্রকল্পে (৩য় র্পযায়) এর আওতায় ইতো মধ্যে উপজেলা সমবায় দপ্তর টুঙ্গিপাড়া ,গোপালগঞ্জ এর অধীন নিবন্ধিত ৫৭টি সমবায় সমিতি আছ। প্রত্যকে সমিতির গ্রামর্কমীকে মাসকি ২৫০০/= টাকা করে সন্মানী ভাতা প্রদান করা হয়। সভায় তিনি আরও জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর র্কতৃক বাস্তবায়নাধীন প্রস্তাবিত “বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যেক্তা সৃজন” প্রকল্পের কার্যক্রম উদ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক পর্যাক্রমে চলমান আছে। পরবর্তী নির্দেশনার আলোকে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা হবে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধু গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প অত্র উপজেলায় গ্রহন করা হয়েছে। প্রকল্পের আওতায় ” বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লিঃ পাটগাতী, নামে সমিতিটির নিবন্ধন কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নিবন্ধিত সমিতির ৮০ জন সদস্যদের মাঝে প্রত্যেককে ৫০০০০/=(পঞ্চাশ হাজার) টাকা করে সর্বমোট ৪০,০০,০০০/=(চল্লিশ লক্ষ) টাকা ঋণ বিতরন করা হয়েছে। উদ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। যথাযথ নির্দেশনার আলোকে কার্যক্রম সম্পাদন করা হবে। | | |

## গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার

| | | |
|---|---|---|
| সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নতুন বাড়ীতে ৭৫ কেভিএ থেকে লোড বৃদ্ধিপূর্বক ৩০০ কিঃওঃ লোডে উন্নীত করার লক্ষ্যে ০৪ স্প্যান নতুন লাইন নির্মাণ পূর্বক ৪৫০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন কাজ চলমান আছে। শীঘ্রই সম্পন্ন করা হবে। নতুন সংযোগ প্রদানের বিষয়টি অব্যাহত আছে। অন্যান্য উপজেলার চেয়ে টুঙ্গিপাড়া উপজেলায় বকেয় বিদ্যুৎ বিল বেশি। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়া দপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ নতুন বিদ্যুৎ লাইনের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঙ্গিপাড়া সাব সেন্টার |

## উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, আমন ফসলের নমুনা কর্তনের তথ্য সংগ্রহ করা হয়েছে। আমন ফসলের আনুমানিক হিসাব এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। গম ও আলু ফলের ১ম পূর্বাভাস জরিপের তথ্য সংগ্রের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ফসল উৎপাদনের তথ্য সংগ্রহ কাজ দ্রুত সম্পন্ন করে অবহিত করার অনুরোধ জানান। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CS CamScanner

## উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, নভেম্বর, ২০২২ মাসে নতুন সদস্য অন্তর্ভূক্তি- ৩৫ জন। ক্ষুদ্রঋণ ৭০ জনের মধ্যে ১৯.৮৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। নারী উদ্যোক্তা ঋণ ১২ জনের মধ্যে ৯.৩০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে ০৪ জনকে ৪.৫০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। সর্বমোট ৮৬ জনের মধ্যে ৩৩.৬৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---0--- | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, টুঙ্গিপাড়া। |

## বিবিধ

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, আগামী জানুয়ারী'২০২৩ মাসের ৬ ও ৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া উপজেলায় আগমন ও রাত্রি যাপন করার সম্ভাবনা রয়েছে। এ উপলক্ষ্যে প্রয়োজনীয় পরিস্কার পরিচ্ছন্নতাসহ আগত অতিথিদের আপ্যায়ন ও আবাসনের ব্যবস্থা করতে হবে। সভায় তিনি আপ্যায়ন ও পরিস্কার পরিচ্ছন্ন কাজের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব উপস্থান করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ বিদ্যুৎ লাইনের সার্টিক ব্রেকারে সমস্যা দেখা দিচ্ছে সার্কিট ব্রেকারটি পরিবর্তণ করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড থেকে যে প্রশ্ন আসে উক্ত প্রশ্নগুলো থানায় সংরক্ষিত করে রাখা হয়। কিন্তু সেখানে ভিন্ন কোন কক্ষ না থাকায় প্রশ্ন পত্র রাখা নিরাপত্তা ঝুকিতে থাকে। এমতাবস্থায়, উল্লেখিত স্থানে একটি ভিন্ন পার্টিশন করার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য সভায় প্রস্তাব উপস্থান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্তঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রলয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আপ্যায়ন ও পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পূর্বক কাজ বাস্তবায়নের অনুরোধ জানান।<br>(২) প্রস্তাবটি সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়। | |

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সোলায়মান বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২- ১৪৮৭ তারিখঃ ১৮/১২/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
১০। উপজেলা ............................................কর্মকর্তা, টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
১১। চেয়ারম্যান ................................................. ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
১২। জনাব ......................................................................................................
১৩। অফিস কপি।

১৮/১২/২২

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২

CamScanner